[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

সাধারণ আদেশ নং- ০৩/মূসক/২০২০ তারিখঃ ১৭ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ। ০১ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ মোবাইল ব্যাংকিং সেবার ক্ষেত্রে প্রাপ্য পণের বিপরীতে মূসক ও সম্পূরক শুল্ক আদায় পদ্ধতি।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (অতঃপর আইন বলিয়া উল্লিখিত) এর অধীনে প্রণীত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ (অতঃপর বিধিমালা বলিয়া উল্লিখিত) এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মোবাইল ব্যাংকিং সেবার ক্ষেত্রে প্রাপ্য পণের বিপরীতে মূসক ও সম্পূরক শুল্ক আদায় সংক্রান্ত নিম্নরূপ আদেশ জারি করিল, যথাঃ

**১। শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই আদেশ মোবাইল ব্যাংকিং সেবার ক্ষেত্রে প্রাপ্য পণের বিপরীতে মূসক ও সম্পূরক শুল্ক আদায় পদ্ধতি, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) এই আদেশ ১৭ আষাঢ়, ১৪২৬ খ্রিস্টাব্দ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**২। সংজ্ঞা।—** বিষয় বা প্রসংগের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই আদেশে 'মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী' বলিতে এমন নিবন্ধিত সেবা প্রদানকারীকে বুঝাইবে যিনি বা যাহারা Bangladesh Mobile Financial Services (MFS) Regulations, 2018 এর আওতায় বাংলাদেশ ব্যাংক হইতে ''Mobile Financial Services (MFS)'' প্রদানের লক্ষ্যে যথাযথ লাইসেন্স প্রাপ্ত হইয়াছেন কিংবা বাংলাদেশ ডাকবিভাগ হইতে এতদসংক্রান্ত সেবা প্রদানের লক্ষ্যে যথাযথ অনুমোদন প্রাপ্ত হইয়াছেন।

**৩। প্রযোজ্যতা।-** মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান প্রত্যেক গ্রাহকের নিকট হইতে অর্থ জমা প্রদান, উত্তোলন ও লেনদেনের উপর নির্দিষ্ট পরিমাণ সার্ভিস চার্জ বা কমিশন আদায় করে, যাহা মোবাইল ব্যাংকিং সেবার সহিত জড়িত সকল সহযোগী অংশীদারদের মধ্যে বিভাজিত হইয়া থাকে। এই আদেশ মোবাইল ব্যাংকিং সেবা সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। মোবাইল ব্যাংকিং সেবার সহিত জড়িত সহযোগী অংশীদারগণ নিম্নরূপঃ

(ক) ব্যাংক বা প্রযোজ্য ক্ষেত্রে ডাকবিভাগ;

(খ) টেলিকম অপারেটর;

(গ) মোবাইল ব্যাংকিং এজেন্ট ও ডিস্ট্রিবিউটর (তৃণমূল পর্যায় পর্যন্ত সেবা সরবরাহের দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠান বা ব্যক্তি);

(ঘ) কারিগরী সহায়তা প্রদানকারী ব্যক্তি; এবং

(ঙ) কাস্টমার এ্যাকুইজিশন এজেন্সি বা সমজাতীয় কর্মসম্পাদনকারী ব্যক্তি।

**৪। কেন্দ্রীয় নিবন্ধন।-** আইনের ধারা ৫ মোতাবেক মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারীকে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করিতে হইবে। এই কেন্দ্রীয় নিবন্ধনে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানে সহযোগী এজেন্ট, ডিস্ট্রিবিউটরগণ ও কাস্টমার এ্যাকুইজিশন এজেন্সি বা সমজাতীয় কর্ম সম্পাদনকারী ব্যক্তি অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে। হালনাগাদকৃত

এজেন্ট, ডিস্ট্রিবিউটর ও কাস্টমার এ্যাকুইজিশন এজেন্সি বা সমজাতীয় কর্ম সম্পাদনকারী ব্যক্তির তথ্যাদি মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারীর সফটওয়্যারে সংরক্ষিত থাকিতে হইবে।

**৫। মূসক নিরূপণ ও পরিশোধ।-** (১) আইনের ধারা ২ এর উপ-ধারা (৬০) অনুযায়ী "অর্থ (Money)" পণ্যের সংজ্ঞাভুক্ত না হওয়ায় উহা লেনদেন বা সরবরাহের বিপরীতে প্রাপ্ত চার্জ বা ফি বা কমিশনই মোবাইল ব্যাংকিং সেবার পণ হিসাবে গণ্য হইবে। আইনের ধারা ৩২ অনুযায়ী করযোগ্য এই সেবা সরবরাহের বিপরীতে প্রাপ্ত পণ হইতে কর ভগ্নাংশের সমপরিমাণ অর্থ বিয়োগ করিয়া মূসক নিরূপণ করিতে হইবে।

(২) প্রত্যেক নিবন্ধিত ব্যক্তিকে বিধি ৪০ এর উপ-বিধি- (১) অনুযায়ী অনলাইনে হিসাব সংরক্ষণ করিতে হইবে। প্রত্যেক সরবরাহের বিপরীতে বিধি ৪০ এর উপবিধি (১) এর দফা (গ) অনুযায়ী অনলাইনে কর চালানপত্র ইস্যু করার বাধ্যবাধকতা থাকায় মোবাইল ব্যাংকিং সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত এসএমএস (SMS) বা অনলাইন নোটিফিকেশন করচালান হিসাবে গণ্য হইবে। এই চালানে প্রত্যেক লেনদেনের বিপরীতে একক ও অনন্য (Unique) লেনদেন নম্বর (Transaction Id) থাকিতে হইবে। এই লেনদেনের বিপরীতে সমস্ত তথ্যাদি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত সফটওয়্যারে সংরক্ষিত থাকিতে হইবে এবং উক্ত সফটওয়্যারে সংশ্লিষ্ট মূসক কর্মকর্তার প্রবেশাধিকার থাকিতে হইবে।

(৩) মোবাইল ব্যাংকিং সেবা সরবরাহকারী ১৫ শতাংশ হারে সমুদয় মূল্য সংযোজন কর পরিশোধ করিবেন। এই সেবা সম্পূর্ণ করিতে সহযোগী সকল অংশীদারগণ যেই সেবা সরবরাহ করিবে তাহার উপর পুণরায় মূসক পরিশোধ করিতে হইবে না। এই সেবা সরবরাহকালে ব্যাংক বা ডাকবিভাগ কর্তৃক ক্যাশ ইন (Cash in) বা ক্যাশ আউট (Cash out) সেবাসহ অন্যান্য সেবা এবং মোবাইল অপারেটর কর্তৃক USSD (Unstructured Supplementary Service Data) সেবা প্রদান করা হয়। এই কার্যক্রম সম্পাদনে এই সকল সেবাসহ সংশ্লিষ্ট অন্যান্য সকল সেবার বিপরীতে পরিশোধযোগ্য পণের উপর প্রযোজ্য মূসক মোবাইল ব্যাংকিং সেবাপ্রদানকারী কর্তৃক চূড়ান্ত ভোক্তার নিকট হইতে প্রাপ্য বা প্রাপ্ত সেবামূল্য অর্থাৎ চার্জ বা ফি বা কমিশনের বিপরীতে প্রদত্ত মূসকের মধ্যে অন্তর্ভুক্ত থাকায় এইক্ষেত্রে, ব্যাংক বা ডাকবিভাগ বা মোবাইল অপারেটরগণকে পুণরায় মূসক পরিশোধ করিতে হইবে না। মোবাইল ব্যাংকিং সেবা সরবরাহকারী কর্তৃক সহযোগী অংশীদারগণকে মূসক পরিশোধের স্বপক্ষে **'পরিশিষ্ট-ক'** ফরমে একটি সংখ্যানুক্রমিক প্রত্যয়নপত্র প্রদান করিবে। সহযোগী অংশীদারগণ দাখিলপত্র প্রদানের সময় মূসক পরিশোধের প্রমাণস্বরূপ **'পরিশিষ্ট-ক'** সংযুক্ত করিবে।

(৪) মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী কর্তৃক এই সেবা সরবরাহের প্রয়োজনে সহযোগী অংশীদার হিসাবে মোবাইল অপারেটরগণের নিকট হইতে SMS আদান-প্রদানের জন্য USSD সেবা গ্রহণ করা হইয়া থাকে এবং এই সেবা সিম বা রিমকার্ড ব্যবহারের মাধ্যমে প্রদত্ত হয় বিধায় আলোচ্য ক্ষেত্রে আইনের দ্বিতীয় তফসিলের টেবিল-৩ এ উল্লিখিত সেবার কোড S০১২.১০ এর বিপরীতে USSD সেবা গ্রহণের ক্ষেত্রে মূসকের পাশাপাশি প্রযোজ্য সম্পূরক শুল্কও মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারীকে যথানিয়মে পরিশোধ করিতে হইবে।

(৫) প্রত্যেক করমেয়াদ শেষে দাখিলপত্র প্রদানের পূর্বে কেন্দ্রীয় নিবন্ধিত মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট মূসক কমিশনারেটের অর্থনৈতিক কোডে (১/১১৩৩/সংশ্লিষ্ট মূসক কমিশনারেটের কোড/০৩১১) ট্রেজারি চালানের মাধ্যমে প্রযোজ্য মূসক জমা প্রদান করিবে।

**৬। দাখিলপত্র প্রদান।-** নিবন্ধিত মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বিধিমালার বিধি ৪৭ মোতাবেক ফরম 'মূসক-৯.১' এ দাখিলপত্র প্রদান করিবে।

**"পরিশিষ্ট-ক"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

## মোবাইল ব্যাংকিং সেবার বিপরীতে মূসক ও সম্পূরক শুল্ক পরিশোধের প্রত্যয়নপত্র

সেবা প্রদানকারীর নাম ও ঠিকানা: ..........................................................................................

মূসক জমা প্রদানকারীর নাম ও ঠিকানা: . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

ব্যবসায়ী সনাক্তকরণ নম্বর (BIN): . . . . . . . . . . . .. . . ইস্যুর তারিখ: . . . . . . . . . . . . . . . . . . . . . .

সার্টিফিকেট নম্বর: . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .আমি, . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ অনুযায়ী নিম্নে উল্লিখিত সহযোগী অংশীদার সেবা প্রদানকারীর প্রাপ্য সেবামূল্যের বিপরীতে মূসক কর্তন করা হইয়াছে। বিস্তারিত নিম্নে উল্লেখ করা হইল:

| ক্রমিক নং | সেবা প্রদানকারীর নাম ও ঠিকানা | যে কর মেয়াদের মূসক/ সম্পূরক শুল্ক জমাকৃত | সহযোগী অংশীদার কর্তৃক প্রাপ্ত সেবার মূল্য বা কমিশন (মূসক ও প্রযোজ্য ক্ষেত্রে সম্পূরক শুল্ক সহ) | জমাকৃত মূসক/ সম্পূরক শুল্কের পরিমাণ (অংকে) | ট্রেজারী চালান নং ও তারিখ এবং সংশ্লিষ্ট ব্যাংক ও শাখার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

আমি . . . . . . . . . . . . . . . . . . . . . . . ., স্বজ্ঞানে ও যথাযথভাবে উপরিউল্লিখিত তথ্যাদি প্রদান করিলাম।

**নাম,**
**পদবী**
**ও স্বাক্ষর**

প্রাপক:

ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী
মেসার্স . . . . . . . . . . . . . . . .
পূর্ণ ঠিকানা . . . . . . . . . . . . . .

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

০১.০৩.২০২০

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**( তাঁকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো )**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০০১.১৫/ ১৭২(৬৩) তারিখঃ ০১ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (সকল ব্যাংক ও মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য)।
৩। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৫-৭। সদস্য (শুল্ক নীতি)/ সদস্য (মূসক নীতি)/ সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮-১৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
২০-২৫। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/ মংলা/বেনাপোল/পানগাঁও/ আইসিডি, কমলাপুর।
২৬-২৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
৩০। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
৩১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
৩২। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ডাক বিভাগ, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
৩৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩৪-৩৬। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা)/(শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৭-৪০। চীফ এক্সিকিউটিভ অফিসার (সিইও), গ্রামীণফোন লিমিটেড/বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন লিঃ/ রবি অজিয়াটা লিঃ/ টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
৪১। President, Association of Mobile Telecom Operators of Bangladesh (AMTOB), Wali Center (2nd floor) 74 Gulshan Avenue, Dhaka-1212.
৪২। ব্যবস্থাপনা পরিচালক, বিকাশ লিমিটেড, স্বাধীনতা টাওয়ার-১, বীর শ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬।
৪৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

01/03/2020

মোঃ তারেক হাসান
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)